



অহংকারে দেশ ও দল ধ্বংসের প্রমাণ শেখ হাসিনা: সোহেল তাজ



সোহেল তাজ। ছবি: সংগৃহীত

ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাম্প্রতিক বক্তব্যের সমালোচনা করেছেন তার সরকারের সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী তানজিম আহমেদ সোহেল তাজ। তিনি বলেন, একজন মানুষের অহংকার কীভাবে একটি দেশ ও রাজনৈতিক দলকে ক্ষতিগ্রস্ত করতে পারে, তার উদাহরণ শেখ হাসিনা ও তার পরিবার।

শনিবার নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এ মন্তব্য করেন সোহেল তাজ।

পোস্টে তিনি লেখেন, "একজন মানুষের ইগো বা অহংকার যে একটি দেশ এবং একটি দলকে ধ্বংস করতে পারে, তার প্রমাণ সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তার পরিবার।"

তিনি আরও লেখেন, আওয়ামী লীগ ক্ষমতায় থাকাকালে গণহত্যা, গুম, খুন, দুর্নীতি, গণতন্ত্র ধ্বংস এবং মুক্তিযুদ্ধের চেতনার অপব্যবহারের মাধ্যমে দেশ ও জনগণের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছে। এসব কর্মকাণ্ডের কারণে দলটি জনসমর্থন হারিয়েছে বলেও মন্তব্য করেন তিনি।

সোহেল তাজ লিখেন, দেশ ছেড়ে যাওয়ার পর বিপুল অর্থ বিদেশে পাচার করে সেই সম্পদের ওপর নির্ভর করেই এখন শেখ হাসিনা দেশে ফেরার কথা বলছেন। এতে আওয়ামী লীগের সাধারণ নেতাকর্মীরাই আরও বিপদে পড়বেন এবং এটি তাদের সঙ্গে প্রতারণা ও ভণ্ডামির শামিল।

পোস্টের শেষাংশে তিনি বলেন, আত্মসমালোচনা ও আত্মোপলব্ধি ছাড়া আওয়ামী লীগের জন্য অদূর ভবিষ্যতে দেশের রাজনৈতিক অঙ্গনে কার্যকরভাবে ফিরে আসা কঠিন হবে।